গাড়ি দুর্ঘটনার ফলে জ্ঞানহীন ব্যক্তি কি রমযানের সিয়াম কাযা করবে?

فقد الوعي بسبب حادث سيارة فهل يقضي ما فاته من رمضان ؟

<বাঙালি - Bengal - بنغالي>

ইলমী গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

اللجنة الدائمة للبحوث العلمية والإفتاء

অনুবাদক: সানাউল্লাহ নজির আহমদ

সম্পাদক: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ترجمة: ثناء الله نذير أحمد

مراجعة: د/ أبو بكر محمد زكريا

গাড়ি দুর্ঘটনার ফলে জ্ঞানহীন ব্যক্তি কি রমযানের কাযা করবে?

প্রশ্ন: জনৈক ব্যক্তি গাড়ি দুর্ঘটনার শিকার হয়ে মৃত প্রায় ছিল। অতঃপর দীর্ঘ সময় পর সুস্থ হয়, যাতে পার হয়েছে রমযানও, সে তখন কিছুই জানত না। দীর্ঘ দিন পর আল্লাহ তাকে সুস্থতা দিয়েছেন। এখন সে পরিপূর্ণ সুস্থ। তার ওপর কোন কোন সালাত ও সিয়াম কাযা করা ওয়াজিব?

উত্তর: আল-হামদুলিল্লাহ।

বাস্তবতা যখন এরূপ যে, ব্যক্তি দীর্ঘ দিন যাবৎ জ্ঞানহীন ছিল, আঘাতের কারণে কিছুই জানত না, এ সময়ের মধ্যে রমযানও অতীত হয়েছে, আলেমদের বিশুদ্ধ মতানুযায়ী তার সংজ্ঞাহীন অবস্থার কোনো সালাত ও সিয়াম কাযা করতে হবে না। কারণ, তখন সে মুকাল্লাফ ছিল না। আল্লাহ-ই ভালো জানেন।

فتاوى اللجنة الدائمة للبحوث العلمية والإفتاء (١٨/٦).